

Telephone conversation between PM and President of Indonesia

April 28, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 28,2020

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি মহামান্য জোকো উইডোডোর সাথে বাক্যালাপ করেছেন।

এই অঞ্চলে এবং সারা বিশ্বে কোভিড-19 অতিমারি ছড়িয়ে পড়া নিয়ে দুই নেতা মত বিনিময় করেছেন।

ইন্দোনেশিয়ায় ওষুধ সম্বন্ধীয় পণ্যের যোগান অব্যাহত রাখতে ভারত সরকার যে সুবিধা প্রদান করেছে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি তার প্রশংসা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী তাকে আশ্বাস দিয়েছেন যে দুই দেশের মধ্যে বাণিজ্যে ওষুধ এবং অন্যান্য যে সমস্ত পণ্যের আদানপ্রদান চলে তার যোগানে কোন বাধা তৈরি হওয়া আটকাতে ভারত আপ্রাণ চেষ্টা করবে।

নিজের দেশে অন্যের দেশের নাগরিকদের উপস্থিতি নিয়ে দুই নেতা আলোচনা করেছেন এবং এই বিষয়ে সমস্ত রকম সুবিধাপ্রদান নিশ্চিত করার ব্যাপারে দুই দেশের টিম ঘনিষ্ঠ যোগাযোগ রেখে চলবে বলে সম্মত হয়েছেন।

মাননীয় প্রধানমন্ত্রী এই সত্যে জোর দিয়েছেন যে ভারতের প্রসারিত প্রতিবেশী নীতিতে ইন্দোনেশিয়া একটি গুরুত্বপূর্ণ সমুদ্রতীরবর্তী অংশীদার এবং দুই দেশের মধ্যে থাকা দ্বিপাক্ষিক সম্পর্কের শক্তি অতিমারির প্রভাবের বিরুদ্ধে লড়াইয়ে উভয় দেশকেই সাহায্য করতে পারে।

তিনি মহামান্য রাষ্ট্রপতি উইডোডোকে এবং ইন্দোনেশিয়ার বন্ধুসুলভ জনগণকে রামাদানের পবিত্র মাসের জন্য অভিবাদন জানিয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 28,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.